বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
পরিধারণ বিভাগ

ফোন : ৯৫৫০৫০৫
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
৯৫৬০০৩১/২২৯
e-mail: dgmicd@krishibank.org.bd

সার্কুলার লেটার নং ০১/২০২০ তারিখ : ১৫.০১.২০২০

১। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়;
২। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা;
৩। সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বিকেবি, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিটের ৩০.১২.২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের ৩০.১২.২০১৯ তারিখের স্মারক নং ১৬৫০ মূলে প্রেরিত শিরোনামে উল্লেখিত সভার কার্যবিবরণীর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিটের ২০১৯-২০২০ অর্থ বছরের ৫ম মাসিক সভা (নভেম্বর/২০১৯) পর্ষদ সভাকক্ষে বিগত ৩০.১২.২০১৯ তারিখে জনাব মোঃ কাইসুল হক, উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে। সভায় ৫.৩ নং আলোচ্যসূচির বিপরীতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

> "গ্রাহক কর্তৃক কোন চেক শাখায় দাখিল করার পর যথাযথ পরীক্ষান্তে চেক পোস্টিং দিয়ে অনুমোদিত কর্মকর্তা কর্তৃক উক্ত চেক পাশ করতঃ কোষাধ্যক্ষের নিকট সরাসরি প্রেরণ করবে এবং কোন অবস্থাতেই পাশকৃত চেক গ্রাহকের হাতে দেয়া যাবে না। এছাড়াও ডেবিট ক্যাশ ভাউচার গ্রাহকের হাতে না দেয়ার সিদ্ধান্তও গৃহীত হয়। ম্যানুয়েল শাখার ক্ষেত্রে লেজার ও নমুনা স্বাক্ষর কার্ড যাতে অনিরাপদ ও খোলা জায়গায় না থাকে তা নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্তও সভায় গৃহীত হয়।"

০৩। এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্ত শাখাসমূহ কর্তৃক বাস্তবায়ন ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ কর্তৃক নিয়মিত মনিটরিং নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

15/01/2020
(মোহাম্মদ আহাদ খান)
সহকারী-মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

প্রকা/পবি/প্রশা-৪৯/২০১৯-২০২০/ ৪২৫ তারিখ : ১৫.০১.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় কার্যালয়।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, সার্কুলার লেটারটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। উপ-মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৭। নথি।

(নুরজাহান আমীন)
ঊর্ধতন মুখ্য কর্মকর্তা